# সেবা সহজিকরণ
## ডকুমেন্টেশন

## মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

**ইনোভেশন টিম**

২০২০-২০২১

# ১. অফিস প্রোফাইল

## ১.১ একনজরে অফিস

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | বাংলা | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| | ইংরেজি | Ministry of Liberation War Affairs |
| | সংক্ষিপ্ত | MOLWA |
| অফিস প্রধানের পদবি | সচিব | |
| অফিসের সংখ্যা | ১টি (প্রধান কার্যালয়) | |
| জনবল | ৮৮ জন | |
| অফিসের ঠিকানা | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br>পরিবহনপুল ভবন<br>৬ষ্ঠ ও ৭ম তলা<br>সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা – ১০০০ | |
| যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স) | ই-মেইল: secretary@molwa.gov.bd<br>ফোন: +৮৮-০২-৯৫৭৮৬৪৮<br>ফ্যাক্স: +৮৮-০২৯৫৫০১২৭ | |
| ওয়েবসাইট | https://www.molwa.gov.bd | |
| যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ) | রমনা থানার অন্তর্গত প্রেসক্লাবের পিছনে পরিবহনপুল ভবন এর ৫ম ও ৬ষ্ঠ তলায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | |




## ১.২ ভিশন ও মিশন

### ১.২.১ রূপকল্প (Vission)

মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে সমুন্নত রেখে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন।

### ১.২.২ অভিলক্ষ্য (Mission)

মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন এবং মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

## ১.৩ অফিসের পরিচিতি ও ছবি

### ১.৩.১ পরিচিতি

- স্বাধীনতা উত্তর প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ২টি শাখা ছিল যার মাধ্যমে মুক্তিযোদ্ধাদের কার্যক্রম পরিচালনা করা হত।
- মুক্তিযোদ্ধাদের সকল কার্যক্রম সম্পাদনের জন্য ২০০১ সালের ২৩শে অক্টোবর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণলয় গঠিত হয় ।
- সর্বপ্রথম বর্তমান জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভবনে ৩টি কক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণলয়ের যাত্রা শুরু হয়
- মন্ত্রণালয়ের কাজের গুরুত্ব বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ও মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের নির্বিঘ্নে সেবা প্রদানের সুবিধার্থে বিআরটিবি ভবন, এলেনবাড়ী, তেজগাঁও এ স্থানান্তরিত করা হয়
- পরবর্তীতে কাজের কলেবর ব্যাপকহারে বৃদ্ধি পাওয়ায় বর্তমান ঠিকানা সরকারি পরিবহনপুল ভবন এর ৬ষ্ঠ ও ৭ম তলা গত ১০/১০/২০০৬ তারিখ হতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

### সেবা-গ্রহীতা:

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহণকারী জীবিত বীর মুক্তিযোদ্ধাগণ[1] এবং যে সকল বীর মুক্তিযোদ্ধা ইতিমধ্যে মারা গেছেন তাঁদের ওয়ারিশগণ[2]।

### মুবিম এর সেবাসমূহ

- ✓ রাষ্ট্রীয় সম্মানি ভাতা (প্রত্যেক মুক্তিযোদ্ধাকে মাসিক ১২,০০০/- টাকা হারে)
- ✓ খেতাবপ্রাপ্ত ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য, বীরশ্রেষ্ঠ পরিবারসহ মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের মধ্যে রাষ্ট্রীয় সম্মানি (বিভিন্ন ক্যাটগরিতে বিভিন্ন হারে)
- ✓ উৎসব ভাতা (ভাতাভোগী প্রত্যেক মুক্তিযোদ্ধাকে ১০,০০০/- টাকা হারে দুটি)
- ✓ বাংলা নববর্ষ ভাতা (ভাতাভোগী প্রত্যেক মুক্তিযোদ্ধাকে ২,০০০/- টাকা)
- ✓ বিজয় দিবস ভাতা (প্রত্যেক জীবিত ভাতাভোগী মুক্তিযোদ্ধাকে ৫,০০০/- টাকা)

[1] মোট মুক্তিযোদ্ধার সংখ্যাঃ ১৮২,২৩৯ জন
[2] মোট উপকারভোগীর সংখ্যাঃ ১৯৪,৮৯০ জন

### ১.৩.২ সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ

মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় সম্মানি ভাতার হার ৫ হাজার টাকা হতে ১২ হাজার টাকায় বৃদ্ধি করে ভাতা বাবদ ৩ বছরে প্রায় ৭৩৮৫.০৪ কোটি টাকা প্রদান করা হয়েছে। খেতাবপ্রাপ্ত ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য, বীরশ্রেষ্ঠ পরিবারসহ মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের মধ্যে রাষ্ট্রীয় সম্মানি ভাতা বাবদ ৩ বছরে প্রায় ১১০৮.৭৬ কোটি টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও, ভাতাভোগী প্রত্যেক মুক্তিযোদ্ধা পরিবারকে পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আযহাসহ অন্যান্য ধর্মীয় উৎসবাদি উদযাপনের নিমিত্ত ১০ হাজার টাকা হারে বছরে দুটি করে উৎসব ভাতা হিসাবে প্রায় ১১১৫.৬৩ শত কোটি টাকা, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উদযাপনের লক্ষ্যে বাংলা নববর্ষ ভাতা হিসাবে ২ হাজার টাকা হিসেবে মোট ৭৬.৩৬ কোটি টাকা ও প্রত্যেক জীবিত ভাতাভোগী মুক্তিযোদ্ধাকে ৫ হাজার টাকা হারে বিজয় দিবস ভাতা হিসাবে মোট ১২০.৫২ কোটি টাকা প্রদান করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের কল্যাণে জেলা ও উপজেলায় মোট ৪৪৩টি কমপ্লেক্স ভবন নির্মাণসহ ভূমিহীন ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য সারাদেশে ২৯৬২ টি বাসস্থান নির্মাণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ঘোষণা অনুযায়ী সেবা প্রত্যাশীদের দোরগোড়ায় সেবা প্রদানের অংশ হিসাবে ৮৭ হাজার ৫ শত ৬৫ জন সম্মানিভাতাভোগী মুক্তিযোদ্ধাকে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ডিজিটাল পদ্ধতিতে(জিটুপি পদ্ধতিতে) দ্রুততম সময়ে তাঁদের নিজ নিজ ব্যাংক হিসাবের মাধ্যমে সম্মানি ভাতা পরিশোধের ব্যবস্থা করা হয়েছে।

### ১.৩.৩ সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ✓ ১.৯০ লক্ষ জন মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানি ভাতা প্রদান;
- ✓ Government to Person (G2P) পদ্ধতিতে সকল মুক্তিযোদ্ধার সম্মানি ভাতা প্রদান;
- ✓ মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ ডাটাবেইজ হিসেবে MIS সফটওয়্যার তৈরী এবং উক্ত সফটওয়্যারে সকল মুক্তিযোদ্ধার তথ্য এন্ট্রি প্রদান;
- ✓ মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও স্মৃতি জাদুঘর নির্মাণ;

- ১৯৭১ এ মহান মুক্তিযুদ্ধকালে পাকহানাদার বাহিনী কর্তৃক গণহত্যার জন্য ব্যবহৃত বধ্যভূমিসমূহ সংরক্ষণ ও স্মৃতিস্তম্ভ নির্মাণ (২য় পর্যায়);
- শহিদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন;
- ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণ (৩য় পর্যায়);
- মুক্তিযুদ্ধের স্মৃতি স্থাপনাসমূহ সংরক্ষণ ও পুনঃনির্মাণ।

### ১.৩.৪ কার্যাবলি (Functions)

- মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন, গেজেট প্রকাশ ও ঘোষিত তালিকা সংরক্ষণ;
- বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত এম আই এস এর তথ্য নিয়মিত হালনাগাদকরণ ও নিরাপত্তা নিশ্চিতকরণ
- মুক্তিযোদ্ধাদের অধিকার ও বিভিন্ন সুযোগ-সুবিধা সংক্রান্ত বিধিমালা ও নীতিমালা প্রণয়ন;
- মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা প্রদান;
- স্বাধীনতাযুদ্ধের ইতিহাস সংরক্ষণের জন্য নীতি প্রণয়ন ও যুদ্ধের দলিলাদি সংরক্ষণ;
- মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের নিকট উপস্থাপন ;
- মুক্তিযোদ্ধাদের কল্যাণে বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
- সরকারি, স্বায়ত্বশাসিত এবং আধা-স্বায়ত্বশাসিত সংস্থায় মুক্তিযোদ্ধা ও তাঁদের সন্তান-সন্ততিদের চাকরির কোটা সংরক্ষণ মনিটরিং;
- অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ, স্বাধীনতাযুদ্ধের স্মৃতিস্তম্ভ নির্মাণ, মুক্তিযুদ্ধের বধ্যভূমি/গণকবর, সম্মুখ সমরের স্থানসমূহ সংরক্ষণ ও রক্ষণাবেক্ষনের জন্য প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন; এবং
- যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, বিজয় দিবস, শহিদ বুদ্ধিজীবী দিবস, গণহত্যা দিবস এবং মুজিবনগর দিবস পালন।

# ২ সেবা প্রোফাইল

## ২.১ সেবার নাম

বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত Management Information System (MIS) এর ভিত্তিতে Government to Person (G2P) পদ্ধতিতে Electronic Fund Transfer (EFT) প্রক্রিয়ার মাধ্যমে মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা প্রদান

## ২.২ সেবাটি সহজিকরণের যৌক্তিকতা


মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সেবা প্রার্থী জাতির শ্রেষ্ট সন্তান বীর মুক্তিযোদ্ধাগন। মন্ত্রণালয়ে আসা সেবা প্রার্থীদের ২০১৭ সালের পূর্বে অনেক সময় ও অর্থের অপচয় হতো, কষ্টের মধ্যে পড়তেন। এ অবস্থা থেকে উত্তরনের জন্য মন্ত্রণালয়ের ইনোভেশন টীমের সদস্যগণ কাজ শুরু করেন। বীর মুক্তিযোদ্ধাদের প্রয়োজনীয় সকল তথ্য ও সেবা ডিজিটাইজেশন করে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের কার্যক্রম গ্রহণ করা হয়। মুক্তিযোদ্ধারা যাতে নিজ নিজ এলাকায় থেকে তাদের প্রয়োজনীয় সকল তথ্য ও সেবা গ্রহন করতে পারেন সে লক্ষ্যে কাজ শুরু হয়।

## ২.৩ পূর্বের সেবা পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| **ধাপ-১** | মুবিম কর্তৃক ভাতা প্রদানের মঞ্জুরি প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ | ২০ দিন | উপসচিব (বাজেট), মুবিম |
| **ধাপ-২** | অর্থ বিভাগ কর্তৃক অর্থ অবমুক্তির মঞ্জুরি | ১০ দিন | সংশ্লিষ্ট কর্মকার্তা, অর্থ বিভাগ |
| **ধাপ-৩** | প্রশাসনিক মঞ্জুরিপত্র পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ | ২ দিন | উপসচিব (বাজেট), মুবিম ও সংশ্লিষ্ট কর্মকার্তা, অর্থ বিভাগ |
| **ধাপ-৪** | মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক মঞ্জুরিপত্র জারী | ২ দিন | উপসচিব (বাজেট), মুবিম |
| **ধাপ-৫** | মন্ত্রণালয় কর্তৃক iBAS++ এ এন্ট্রিকরণ | ১ দিন | উপসচিব (বাজেট), মুবিম |
| **ধাপ-৬** | সিএও কর্তৃক মঞ্জুরিপত্র পৃষ্ঠাংকন করে সকল জেলা হিসাব রক্ষণ অফিসের নিকট প্রেরণ | ২ দিন | সংশ্লিষ্ট কর্মকার্তাগণ |
| **ধাপ-৭** | জেলা প্রশাসন কর্তৃক অর্থ উত্তোলন ও সংশ্লিষ্ট তহবিলে জমাকরণ | ৫ দিন | সংশ্লিষ্ট জেলা প্রশাসক |
| **ধাপ-৮** | জেলা প্রশাসন কর্তৃক সকল ইউএনও এর অনুকূলে চেক প্রদান | ১০ দিন | সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট ইউএনও |


| | | | |
|---|---|---|---|
| **ধাপ-৯** | ইউএনও কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংক এ চেক জমাকরণ এবং সকল ভাতাভোগী মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবে অর্থ প্রদানের এডভাইস প্রদান | ৬ দিন | সংশ্লিষ্ট ইউএনও |
| **ধাপ-১০** | ব্যাংক কর্তৃক ভাতাভোগী মুক্তিযোদ্ধাদের ব্যাংক হিসাবে অর্থ জমাকরণ | ২ দিন | মুক্তিযোদ্ধা |

## ২.৪ পূর্বের পদ্ধতির প্রসেস ম্যাপ



| টিসিভি বিশ্লেষণ | |
|---|---|
| **সময় (Time)** | ৬০ দিন |
| **খরচ (Cost)** | ৳ ৫০০/- |
| **পরিদর্শন (Visit)** | ২ বার |

## ২.৬ বর্তমান পদ্ধতির প্রসেস ম্যাপ



| টিসিভি বিশ্লেষণ | |
|---|---|
| **সময় (Time)** | ৩০ দিন |
| **খরচ (Cost)** | ৳ ০/- |
| **পরিদর্শন (Visit)** | ০ বার |

## ২.৬ তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)

| পূর্বের প্রসেস ম্যাপের ধাপ | পূর্বের ধাপের বর্ণনা | বর্তমান প্রসেস ম্যাপের ধাপ | বর্তমান ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| **ধাপ-১** | মুবিম কর্তৃক ভাতা প্রদানের মঞ্জুরি প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ | **ধাপ-১** | মুবিম কর্তৃক ভাতা প্রদানের মঞ্জুরি প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ |
| **ধাপ-২** | অর্থ বিভাগ কর্তৃক অর্থ অবমুক্তির মঞ্জুরি | **ধাপ-২** | অর্থ বিভাগ কর্তৃক অর্থ অবমুক্তির মঞ্জুরি |
| **ধাপ-৩** | প্রশাসনিক মঞ্জুরিপত্র পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ | **ধাপ-৩** | অর্থ মঞ্জুরি বিষয়টি সংশ্লিষ্ট ইউএনও /জেলা প্রশাসক'কে অবহিত করা |
| **ধাপ-৪** | মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক মঞ্জুরিপত্র জারী | **ধাপ-৪** | উপজেলা/জেলা(প্রযোজ্য ক্ষেত্রে) হতে পে-রোল প্রস্তুতপূর্বক MIS এর মাধ্যমে প্রেরণ |
| **ধাপ-৫** | মন্ত্রণালয় কর্তৃক iBAS++ এ এন্ট্রিকরণ | **ধাপ-৫** | মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পে-রোল যাচাই ও প্রসেস করে বিলসহ সিএও বরাবর MIS এর মাধ্যমে প্রেরণ |
| **ধাপ-৬** | সিএও কর্তৃক মঞ্জুরিপত্র পৃষ্ঠাংকন করে সকল জেলা হিসাব রক্ষণ অফিসের নিকট প্রেরণ | **ধাপ-৬** | সিএও হতে iBAS++ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ |
| **ধাপ-৭** | জেলা প্রশাসন কর্তৃক অর্থ উত্তোলন ও সংশ্লিষ্ট তহবিলে জমাকরণ | **ধাপ-৭** | বাংলাদেশ ব্যাংক হতে বীর মুক্তিযোদ্ধা/সুবিধাভোগীদের ব্যাংক একাউন্টে প্রেরণ |
| **ধাপ-৮** | জেলা প্রশাসন কর্তৃক সকল ইউএনও এর অনুকূলে চেক প্রদান | | |

| | | | |
|---|---|---|---|
| **ধাপ-৯** | ইউএনও কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংক এ চেক জমাকরণ এবং সকল ভাতাভোগী মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবে অর্থ প্রদানের এডভাইস প্রদান | | |
| **ধাপ-১০** | ব্যাংক কর্তৃক ভাতাভোগী মুক্তিযোদ্ধাদের ব্যাংক হিসাবে অর্থ জমাকরণ | | |

## ২.৭ TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | **বিদ্যমান পদ্ধতি** | **প্রস্তাবিত পদ্ধতি** |
|---|---|---|
| **সময় (দিন/ঘন্টা)** | ৬০ দিন | ৩০ দিন |
| **খরচ (নাগরিক ও অফিসের)** | ৳ ৫০০/- | ৳ ০/- |
| **যাতায়াত** | ২ বার | ০ বার |
| **ধাপ** | ১০ টি | ৭ টি |
| **জনবল** | ৪ জন | ৪ জন |
| **দাখিলীয় কাগজপত্র** | ০ | ০ |